**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড।

(শুল্ক)

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১২০-আইন/২০০৬/২১১২/শুল্ক।-** Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০৫ বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।-** (১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons (Customs Procedures) Rules, 2003 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) "ব্যাগেজ" অর্থ কোন যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসংগত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালী অথবা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী;

(খ) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত কোন যাত্রী;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল।

৩। **আকাশ ও জলপথে আগত যাত্রীর শুল্ক কর সুবিধা।-** (১) আকাশ এবং জলপথে আগত ১২(বার) বৎসর বা তদূর্ধ্ব বয়সের যাত্রীর সংগে আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ এবং ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ দুইটি কার্টন, ব্যাগ বা বস্তায় অথবা ৩২″ (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট দুইটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের একটি স্যুটকেস, ট্রাংক, কার্টন, ব্যাগ বা বস্তায় আনীত ব্যক্তিগত ব্যবহার্য, পরিধেয় বস্ত্র, বই, সাময়িকী অথবা পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

(৩) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ, বস্তা বা ৩২″ (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

(৪) যাত্রীর সংগে আনা হয় নাই এমন ব্যাগেজ তফসিল ১ এ বিধৃত ফরমে ঘোষণা প্রদান ও এই বিধিমালার সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে এবং উক্ত ব্যাগেজ খালাসের সময় ঘোষণা পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৫) একজন যাত্রী তফসিল ২ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল ৩ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে, একই পঞ্জিকা বৎসরে একবার আমদানি করিতে পারিবেন।

(৬) একজন বিদেশী নাগরিক এক বোতল অথবা ১/৬ গ্যালন পর্যন্ত মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন- স্পিরিট, মদ, বিয়ার, ইত্যাদি) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৭) কোন যাত্রী তফসিল ২ এবং তফসিল ৩ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সংগে না আনিয়া থাকিলে তফসিল ৪ এ বিধৃত ফরমে উল্লেখক্রমে তাহা বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে যাত্রী আগমনের ৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবেন।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৯) একজন যাত্রী অনধিক ২০০(দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ অথবা রৌপ্যের অলংকার (এক প্রকার অলংকার ১২ টির অধিক হইবে না) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(১০) একজন যাত্রী বিদেশ হইতে দেশে আগমনকালে অনধিক ১০(দশ) কিলোগ্রাম ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা অনধিক ২০(বিশ) কিলোগ্রাম ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(১১) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রী উপ-বিধি (৩) এ উল্লিখিত সুবিধা ব্যতীত অন্য কোন সুবিধা পাইবেনা।

৪। **স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা।-** বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ২০০ (দুই শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৫। **অসুস্থ ও পঙ্গু যাত্রীর জন্য সুবিধা।-** আকাশ, জলপথ বা স্থলপথে আগত একজন অসুস্থ, পঙ্গু অথবা বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্ত্রপাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৬। **ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা।-** (১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশ বিমানের কোন ক্রু বা কর্মকর্তা এবং বাংলাদেশের কোন বিমান বন্দরে ফ্লাইট পরিচালনাকারী কোন

বিদেশী এয়ার লাইন্সে কর্তব্যরত কোন বাংলাদেশী ক্রু বা কর্মকর্তা সর্বোচ্চ ১০০ (এক শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(২) বিদেশী সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোন জাহাজের বাংলাদেশী নাবিক বা কর্মকর্তা সর্বোচ্চ ৩০০ (তিন শত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (ংরমহ ড়ভভ) করিলে সে অনূর্ধ্ব ২,০০০ (দুই হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবেন।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও ষ্টুয়ার্ডগণ (হেলপার/ এ্যাসিস্ট্যান্ট) পরিধেয় বস্ত্র, বিছানা (বেডিং) ও রন্ধনকৃত খাদ্য সামগ্রী এবং সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৭। **গ্রীন এবং রেড চ্যানেল ব্যবহার।-** (১) কোন যাত্রী শুল্ক ও কর আরোপযোগ্য পণ্য বহন না করিলে তিনি বিমান বন্দরের গ্রীন চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শুল্ক কর্মকর্তা, যুক্তিসংগত সন্দেহবশতঃ গ্রীন চ্যানেল অতিক্রমকারী যে কোন যাত্রীর ব্যাগেজ পরীক্ষা করিতে পারিবেন।

৮। **সকল যাত্রীর জন্য শুল্ক ঘোষণাপত্রের বিধান।-** বিদেশ হইতে আগত সকল যাত্রী শুল্ক কর্তৃপক্ষের নিকট তফসিল ১ এ বিধৃত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিবে।

৯। **মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।-** এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

১০। **বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর।-** এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন যাত্রী তফশীল ১ এর খ অংশে এবং তফশীল ২ এ উল্লিখিত পণ্যের অতিরিক্ত বা ভিন্ন কোন পণ্য আমদানি করিলে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) -এর ছাড়পত্র উপস্থাপন সাপেক্ষে, ন্যায়-নির্ণয়নপূর্বক (adjudication) প্রদেয় সমুদয় শুল্ক ও কর পরিশোধ করিয়া ছাড় দিতে হইবে।

**তফসিল ১**

বিধি ৩(৪) এবং বিধি ৮ দ্রষ্টব্য

ক অংশ

( ব্যাগেজ ঘোষণা পত্র ফরম )
[প্রযোজ্য অংশে টিক (√ ) চিহ্ন দিন]

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১। | যাত্রীর নাম | ঃ | | | | |
| ২। | পিতা/ স্বামীর নাম | ঃ | | | | |
| ৩। | পাসপোর্ট নং | ঃ | | | | |
| ৪। | ফ্লাইট নং | ঃ | | | | |
| ৫। | **<u>আগমনের তারিখ</u>** | ঃ | | | | |
| ৬। | জাতীয়তা | ঃ | | | | |
| ৭। | আপনি বিগত তিন মাসে যে সকল দেশ ভ্রমণ করিয়াছেন | ঃ <u>দেশের নাম</u><br>(ক)<br>(খ)<br>(গ) | | | <u>ভ্রমণের তারিখ</u> | |
| ৮। | আপনার সংগে আনীত স্যুটকেস, কার্টন, ট্রাংক, ব্যাগ এবং কেবিন ব্যাগ ইত্যাদির তথ্য | ঃ | বর্ণনা ও <u>সংখ্যা</u> | <u>ওজন</u> | | |
| ৯। | (ক) আপনার নিকট ২০০ (দুইশত) গ্রামের বেশী ওজনের স্বর্ণ অথবা রৌপ্য অলংকার আছে কি? [উল্লেখ্য, ২০০ (দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ/রৌপ্য অলংকার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য, তবে এক প্রকার অলংকার ১২(বার) টির অধিক হইবে না ] | ঃ | ☐ | আছে | ☐ | নাই |
| | (খ) স্বর্ণ বা রৌপ্য অলংকার উপরের (ক) তে উল্লিখিত পরিমানের বেশী থাকিলে ২০০ গ্রামের অতিরিক্ত স্বর্ণ অথবা রৌপ্য অলংকারের পরিমাণ | ঃ | | বর্ণনা | | পরিমাণ |
| ১০। | (ক) আপনার নিকট ১০(দশ) কিলোগ্রামের বেশী ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা ২০ (বিশ) কিলোগ্রামের বেশী ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড আছে কি? | ঃ | ☐ | আছে | ☐ | নাই |
| | (খ) অতিরিক্ত স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা রৌপ্যবার বা রৌপ্যপিন্ড এর পরিমাণ | ঃ | | বর্ণনা | | পরিমাণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | (ক) আপনার নিকট মদ, মদ্যজাতীয় পানীয়, সিগারেট বা মাদক দ্রব্য আছে কি ? [উল্লেখ্য, এক কার্টন (২০০ শলাকা) সিগারেট সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য ] | ঃ | ☐ আছে | ☐ নাই |
| | (খ) উপরের (ক) তে উল্লিখিত পরিমাণের বেশী থাকিলে উহার বিবরণ | ঃ | বর্ণনা | পরিমাণ |
| ১২। | (ক) আপনার নিকট ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলারের বা উহার সমপরিমাণ অর্থের অধিক কোন বৈদেশিক মুদ্রা আছে কি? | ঃ | ☐ আছে | ☐ নাই |
| | [১](খ) উপরের (ক) তে উল্লিখিত পরিমাণের বেশী থাকিলে উহার বিবরণ এফএমজে ফরমে ঘোষণা করিতে হইবে | ঃ | বর্ণনা | পরিমাণ |
| ১৩। | (ক) আপনার ব্যাগেজে শুল্ক বা কর আরোপযোগ্য কোন পণ্য আছে কি? | ঃ | ☐ আছে | ☐ নাই |
| | (খ) ব্যাগেজে শুল্ক বা কর আরোপযোগ্য পণ্য থাকিলে উহার বিবরণ | ঃ | বর্ণনা | পরিমাণ |
| ১৪। | (ক) সংগে আনা হয় নাই এমন ব্যাগ, স্যুটকেস, ট্রাংক, কার্টন, ইত্যাদির তথ্য | ঃ | সংখ্যা | ওজন |
| | (খ) এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নম্বর ও তারিখ | | | |

প্রতিস্বাক্ষর

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে) ঃ

তারিখ ঃ

সুপারিনটেনডেন্ট (শুল্ক)

[১] এস,আর,ও নং ১৪০-আইন/২০০৭/২১৩৯/শুল্ক, তারিখ ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

**খ অংশ**

<u>শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা</u>

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য ব্যাগেজে আমদানি করা হইলে শুল্ক ও কর আদায়যোগ্য।

(খ) দুইটি স্যুটকেসের বেশী অতিরিক্ত স্যুটকেসে আনীত ব্যাগেজ শুল্ক ও কর আদায়যোগ্য। তবে তৃতীয় স্যুটকেসে আনীত বই পত্র, সাময়িকী বা শিক্ষার উপকরণ শুল্ক ও কর মুক্তভাবে খালাসযোগ্য।

(গ) বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য ব্যাগেজে আমদানি করা হইলে শুল্ক ও কর আদায়যোগ্য।

(ঘ) নিম্নে বর্ণিত পণ্য ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য হইলেও ব্যাগেজ হিসাবে আমদানির ক্ষেত্রে প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ টাকা শুল্ক ও কর হিসাবে পরিশোধ করিতে হইবে।

(১) টেলিভিশন (ক) ২১" পর্যন্ত ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা, (খ) ২১" এর উর্ধ্বে হইতে ২৯" পর্যন্ত ৬০০০/-(ছয় হাজার) টাকা, [২](২) Plasma, LCD, TFT ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন ঃ (ক) ২১" পর্যন্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকা,(খ) ২২"-২৯" পর্যন্ত ২০,০০০/- (বিশ হাজার) টাকা (গ) ৩০"-৪২" পর্যন্ত ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা, এবং (ঘ) ৪৩" থেকে তদূর্ধ্ব সাইজ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা (৩) ভিসিআর/ভিসিপি/স্যাটেলাইট রিসিভার ৫০০/- (পাঁচশত) টাকা, (৪) ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি প্লেয়ার ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, (৫) মিউজিক সেন্টার (ক) সাধারণ সিডিসহ এবং বিযুক্ত স্পিকারসহ ২,০০০/- টাকা, (খ) কম্পোনেন্ট সিস্টেম (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) ৮,০০০/- টাকা, (গ) বিযুক্ত অবস্থায় (Detachable) (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) ১৫,০০০/- টাকা, (৬) রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার ৫,০০০/- টাকা, (৭) ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার ৩,০০০ টাকা (৮) বৈদ্যুতিক সেলাই মেশিন/নিটিং মেশিন ১,০০০ টাকা, (৯) এয়ার কুলার/এয়ার কন্ডিশনার (ক) উইন্ডো টাইপ (Window type) ১০,০০০/- টাকা, (খ) স্প্লিট টাইপ (Split type) ২৫,০০০/- টাকা, (১০) ফ্যাক্স মেশিন ৫,০০০ টাকা, (১১) ওভেন (ক) মাইক্রোওয়েভ ওভেন ২,০০০ টাকা, (খ) গ্যাস ওভেন (বার্নারসহ) ৫,০০০/- টাকা, (১২) ডিশ এন্টেনা ৭,০০০ টাকা, (১৩) স্বর্ণবার বা স্বর্ণপিন্ড (সর্বোচ্চ ১০ কেজি) প্রতি ১১.৬৬৪ গ্রাম ১২৫/- টাকা, (১৪) রৌপ্যবার বা রৌপ্যপিন্ড (সর্বোচ্চ ২০ কেজি) প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা, (১৫) সেলুলার (মোবাইল/ফিক্সড্ ওয়্যারলেস) টেলিফোন [প্রতি সেট ২০০/-(দুইশত)] টাকা, (১৬) এয়ারগান/এয়ার রাইফেল ২,০০০/- টাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষে আমদানিযোগ্য, আমদানি নীতি আদেশ ২০০৩-২০০৬ দ্রষ্টব্য), (১৭) ঝাড়বাতি ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট), (১৮) কার্পেট ১৫ বর্গ মিটার পর্যন্ত ৫০০/- টাকা (প্রতি বর্গমিটার)।

---

[২] এস,আর,ও নং ১৪০-আইন/২০০৭/২১৩৯/শুল্ক, তারিখ ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

তফসিল ২

[ বিধি ৩ (৫) দ্রষ্টব্য ]

শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা

১। ক্যাসেট প্লেয়ার/টুইনওয়ান

২। ডিস্কম্যান/ওয়াকম্যান (অডিও)

৩। বহনযোগ্য অডিও সিডি প্লেয়ার

৪। ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার (প্রিন্টার ও ইউপিএস সহ)

৫। ভিডিও ক্যামেরা

৬। ষ্টীল ক্যামেরা

৭। সাধারণ/পুশবাটন/কর্ডলেস টেলিফোন সেট

৮। সাধারণ/ইলেকট্রিক ওভেন

৯। রাইস কুকার/প্রেসার কুকার

১০। ব্লেন্ডার/জুসার/কফি মেকার

১১। সাধারণ ও বৈদ্যুতিক টাইপরাইটার

১২। সেলাই মেশিন (ম্যানুয়াল)

১৩। টেবিল/প্যাডেলষ্টাল ফ্যান

১৪। স্পোর্টস সরঞ্জাম (ব্যক্তিগত ব্যবহারের জন্য)

১৫। ২০০ গ্রাম ওজনের স্বর্ণ/রৌপ্য অলংকার (এক প্রকার অলংকার ১২ টির অধিক হইবে না)

১৬। এক কার্টন (২০০ শলাকা) সিগারেট।

১৭। কম্পিউটার স্ক্যানার।

## তফসিল ৩

[ বিধি ৩ (৫) দ্রষ্টব্য ]

শুল্ক ও কর আরোপযোগ্য পণ্যের তালিকা

| | পণ্যের বর্ণনা | সর্বমোট শুল্ক-কর ইত্যাদির পরিমাণ। |
|---|---|---|
| | [১] | [২] |
| ১। | টেলিভিশন | |
| | (ক) ২১" পর্যন্ত | ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা |
| | (খ) ২১" এর উর্ধ্ব হইতে ২৯" ইঞ্চি পর্যন্ত | ৬০০০/-(ছয় হাজার) টাকা, |
| [৩]২। | Plasma, LCD, TFT ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন | |
| | (ক) ২১" পর্যন্ত | ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| | (খ) ২২"-২৯" পর্যন্ত | ২০,০০০/- (বিশ হাজার) টাকা |
| | (গ) ৩০"-৪২" পর্যন্ত | ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা |
| | (ঘ) ৪৩" থেকে তদূর্ধ্ব সাইজ | ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা |
| ৩। | ভিসিআর/ভিসিপি/স্যাটেলাইট রিসিভার | ৫০০/- টাকা |
| ৪। | ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি প্লেয়ার | ১৫০০/ টাকা |
| ৫। | মিউজিক সেন্টার | |
| | (ক) সাধারণ সিডিসহ এবং বিযুক্ত স্পীকারসহ | ২,০০০/- টাকা |
| | (খ) কম্পোনেন্ট সিস্টেম (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) | ৮,০০০/- টাকা |
| | (গ) বিযুক্ত অবস্থায় (Detachable) (সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি সেট) | ১৫,০০০/- টাকা |
| ৬। | রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার | ৫,০০০/- টাকা |
| ৭। | ডিশওয়াসার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার | ৩,০০০/- টাকা |
| ৮। | বৈদ্যুতিক সেলাই মেশিন/নিটিং মেশিন | ১,০০০/- টাকা |
| ৯। | এয়ার কুলার/এয়ার কন্ডিশনার | |
| | (ক) উইনডো টাইপ (window type) | ১০,০০০/- টাকা |
| | (খ) স্প্লিট টাইপ (split type) | ২৫,০০০/- টাকা |
| ১০। | ফ্যাক্সমেশিন | ৫,০০০/- টাকা |
| ১১। | ওভেন ঃ | |
| | (ক) মাইক্রোওয়েভ ওভেন | ২,০০০/- টাকা |

[৩] এস,আর,ও নং ১৪০-আইন/২০০৭/২১৩৯/শুল্ক, তারিখ ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

| | পণ্যের বর্ণনা | সর্বমোট শুল্ক-কর ইত্যাদির পরিমাণ। |
|---|---|---|
| | [১] | [২] |
| | (খ) গ্যাস ওভেন (বার্ণারসহ) | ৫,০০০/- টাকা |
| ১২। | ডিশ এন্টেনা | ৭,০০০/- টাকা |
| ১৩। | স্বর্ণবার বা স্বর্ণপিন্ড (সর্বোচ্চ ১০ কেজি) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ১২৫/- টাকা |
| ১৪। | রৌপ্যবার বা রৌপ্যপিন্ড (সর্বোচ্চ ২০ কেজি) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা |
| ১৫। | সেলুলার (মোবাইল/ফিক্সড্ ওয়্যারলেস) টেলিফোন(প্রতি সেট) | ২০০/-(দুইশত) টাকা |
| ১৬। | এয়ারগান/এয়ার রাইফেল (বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আমদানিযোগ্য, আমদানি নীতি আদেশ ২০০৩-২০০৬ দ্রষ্টব্য) | ২,০০০/- টাকা |
| ১৭। | ঝাড়বাতি | ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট) |
| ১৮। | কার্পেট ১৫ বর্গমিটার পর্যন্ত | ৫০০/- টাকা (প্রতি বর্গমিটার) |

## তফসিল ৪

[ বিধি ৩ (৭) দ্রষ্টব্য ]

### পণ্য ক্রয় সংক্রান্ত ফরম

[ঘোষিত পণ্য যাত্রী আগমনের সাতটি কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে]

১। যাত্রীর নাম ঃ

২। পাসপোর্ট নং ঃ

৩। ফ্লাইট নং ঃ

৪। আগমনের তারিখ ঃ

৫। তফসিল ২ এবং ৩ ভুক্ত যেই সকল পণ্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে ক্রয় করিতে ইচ্ছুক (এই বিধিমালার অধীনে প্রাপ্যতা অনুসারে তফসিল ২ এবং ৩ ভুক্ত যেই সকল পণ্য সংগে আনা হইয়াছে, তাহার সাথে সমন্বয় করিয়া দায়িত্বে নিয়োজিত শুল্ক কর্মকর্তা যাত্রী কর্তৃক ঘোষিত পণ্যের প্রাপ্যতা নির্ধারণ করিবেন) ঃ

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | সংখ্যা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

| যাত্রীর স্বাক্ষর | ব্যাগেজ পরিদর্শকের নামের সীলসহ স্বাক্ষর | সহকারী/উপ/যুগ্ম কমিশনারের নামের সীলসহ স্বাক্ষর |
|---|---|---|

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবু ইউছুফ)
দ্বিতীয় সচিব (শুল্ক)।